**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালতলী, বরগুনা
www.taltali.barguna.gov.bd

স্মারক নং-০৫.১০.০৪৯২.০৯.০০৪.০০৮.২১-৭৮

তারিখ: ০৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ১৮ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

**২০.০০ একর পর্যন্ত বদ্ধ সরকারী জলমহাল অনলাইন ইজারা বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তালতলী সদর উপজেলাধীন সরকারি জলাশয়/পুকুরসমূহ বাংলা ১৪৩০ হতে ১৪৩২ বঙ্গাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার গত ১৮ ডিসেম্বর ২০২২ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-২)-৪৮ নং স্মারকে জারিকৃত পত্র অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির নিকট হতে আবেদনের পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

| ক্রমিক | অনলাইনে আবেদন দাখিলের সময়কাল | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১. | ১৪৩০ বঙ্গাব্দের ০৫ মাঘ হতে ২৫ মাঘের মধ্যে (১৯.০১.২০২৩ হতে ০৮.০২.২০২৩ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত) | jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল। |
| ২. | ২৬ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (০৯.০২.২০২৩ খ্রিষ্টাব্দ হতে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে অফিস চলাকালীন সময় পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, তালতলীতে দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না। |

**১৪৩০ বঙ্গাব্দ হতে ১৪৩২ বঙ্গাব্দের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা:**

| ক্র/নং | জলমহালের নাম | জে. এল নং ও মৌজা | দাগ নং | জমির (একরে) | সম্ভাব্য মূল্য | মেয়াদ (বঙ্গাব্দ) |
|---|---|---|---|---|---|---|
| ১. | চাঁদখালী খাস পুকুর | ৪৮-চাঁদখালী | ২৫৫৫, ২৫৫৬ | ০.৩৮ | ২,২৮০/- | ১৪৩০-১৪৩২ |
| ২. | রেহেনা মেম্বার বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৩৮-গেন্ডামারা | ৬৯৪,৬৯৫ | ১.০২ | ৬,১২০/- | ১৪৩০-১৪৩২ |
| ৩. | তালুকদারবাড়ী সংলগ্ন খাস পুকুর | ৩৮-গেন্ডামারা | ১২০৬, ১২০৭ | ০.৮৮ | ৫,২৮০/- | ১৪৩০-১৪৩২ |
| ৪. | ইসমাইল সিকদার বাড়ী সংলগ্ন খাসপুকুর | ৩৮-গেন্ডামারা | ১৫৪১, ১৫৪২ | ০.৮২ | ৪,৯২০/- | ১৪৩০-১৪৩২ |
| ৫. | রাজ্জাক তালুকদারবাড়ী সংলগ্ন খাস পুকুর | হেলেঞ্চাবাড়িয়া | ৩৩১ | ০.৮৮ | ৫,২৮০/- | ১৪৩০-১৪৩২ |
| ৬. | শরীফ বাড়ী সংলগ্ন খাস পুকুর | হেলেঞ্চাবাড়িয়া | ১১৮০ | ০.৮৫ | ৫,১০০/- | ১৪৩০-১৪৩২ |
| ৭. | ফজলে করীমের বাড়ী সংলগ্ন খাস পুকুর | হেলেঞ্চাবাড়িয়া | ১৪৮১ | ০.৯৪ | ৫,৬৪০/- | ১৪৩০-১৪৩২ |
| ৮. | অধিকার বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৭৭-বেহালা | ২০৭৫, ২০৭৬ | ০.৯২ | ৫,৫২০/- | ১৪৩০-১৪৩২ |
| ৯. | মাঝিবাড়ী সংলগ্ন খাস পুকুর | ৭৭-বেহালা | ২৫৭১, ২৫৭২ | ০.৮৮ | ৫,২৮০/- | ১৪৩০-১৪৩২ |
| ১০. | দেলওয়ার হাং বাড়ী সংলগ্ন নাথগ্রাম খাস পুকুর | ৭৭-বেহালা | ৬৭৭, ৬৭৮ | ০.৯২ | ৫,৫২০/- | ১৪৩০-১৪৩২ |
| ১১. | সূর্যকিত্তনীয়া বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৭৭-বেহালা | ৮৫৪, ৮৫৫ | ০.৯৪ | ৫,৬৪০/- | ১৪৩০-১৪৩২ |
| ১২. | নাসির উদ্দিন নিম্ন মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন খাস পুকুর | ৪৫/৮০-ঝাড়াখালী | ৮০৬ | ১.০০ | ৬,০০০/- | ১৪৩০-১৪৩২ |
| ১৩. | কালামের বাড়ীর সংলগ্ন খাস পুকুর | ৪৫/৮০-ঝাড়াখালী | ২২৫৫, ২২৫৭ | ১.০০ | ৬,০০০/- | ১৪৩০-১৪৩২ |
| ১৪. | তালতলী বন্দর খাস পুকুর | ৪৪ বড়বগী | ৬৪০ | ১.০০ | ৬,০০০/- | ১৪৩০-১৪৩২ |
| ১৫. | বলেরতবক নাওভাঙ্গা খাস পুকুর | ৪৪-বড়বগী | ৪৩৫৩ | ০.৫৮ | ৩,৪৮০/- | ১৪৩০-১৪৩২ |
| ১৬. | করমজাপাড়া খাস পুকুর | ৪৪-বড়বগী | ৫১৬০ | ১.৬১ | ৯,৬৬০/- | ১৪৩০-১৪৩২ |
| ১৭. | বড়ভাইজোড়া খাস পুকুর | ৪৪-বড়বগী | ১৩০৩ | ০.৯৫ | ৫,৭০০/- | ১৪৩০-১৪৩২ |
| ১৮. | কাজিরখাল রবমুন্সি বাড়ি সংলগ্ন খাস | ৪৪-বড়বগী | ৬৮১৬ | ০.৫৭ | ৩,৪২০/- | ১৪৩০-১৪৩২ |

| ক্র/নং | জলমহালের নাম | জে. এল নং ও মৌজা | দাগ নং | জমির (একরে) | সম্ভাব্য মূল্য | মেয়াদ (বঙ্গাব্দ) |
|---|---|---|---|---|---|---|
| | পুকুর | | | | | |
| ১৯. | ছকিনা হাং বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৪২-বড় নিশানবাড়িয়া | ৪৯১৪ | ১.১৭ | ৭,০২০/- | ১৪৩০-১৪৩২ |
| ২০. | মোয়াপাড়া সেকান্দার জোমাদ্দার বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৪২-বড় নিশানবাড়িয়া | ২৪৫ | ০.৮৩ | ৪,৯৮০/- | ১৪৩০-১৪৩২ |
| ২১. | কবির আকনের বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৪২-বড় নিশানবাড়িয়া | ৪৩১৫ | ০.৭৩ | ৪,৩৮০/- | ১৪৩০-১৪৩২ |
| ২২. | নলবুনিয়া আলকাসের বাড়ী সংলগ্ন খাস পুকুর | ৪১-ছোট নিশানবাড়িয়া | ২৪১৪, ২৪১৫ | ০.৬২ | ৩,৭২০/- | ১৪৩০-১৪৩২ |

**শর্তাবলি:**

০১. জলমহালসমূহ কেবল নিবন্ধিত (সমবায়/সমাজসেবা অধিদপ্তর) কার্ডধারী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির অনুকূলে ইজারা দেয়া হবে। তবে এক্ষেত্রে যুব মৎস্যজীবী (১৮-৩৫ বৎসর) নিবন্ধিত সমিতি অগ্রাধিকার পাবে। কোন অবস্থাতেই ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

০২. অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর “পরিশিষ্ট-ক” এ উল্লেখিত নির্ধারিত আবেদন ফরম পূরণ করে আবেদন দাখিল করতে হবে। আবেদন ফরম বাবদ উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি প্রিন্টিড কপির সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

০৩. জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি যা কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বিধি মোতাবেক অগ্রাধিকার পাবে। তবে শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবী ব্যতিত অন্যকোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমিতি বর্তমানে কার্যকর আছে মর্মে তার প্রমাণস্বরুপ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়ন দাখিল করবেন ও বিগত ০৩ (তিন) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবীদের সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণের দরকার হবে না।

০৪. মৎস্যজীবী সংগঠন/সমিতিকে যাচাই বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি কোন জঙ্গিবাদের সাথে সম্পৃক্ত থাকলে এবং ইজারামূল্য পরিশোধ খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে উক্ত জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

০৫. আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতিতে কোন সদস্য প্রকৃত মৎস্যজীবী নয় প্রতীয়মান হলে উক্ত সমিতিকে জলমহাল বন্দোবস্ত দেয়া হবে না।

০৬. আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে।

০৭. আবেদনকারীকে মৎস্যজীবী সংগঠন/সমিতির বর্তমান কার্যক্রম আছে তার প্রমাণ স্বরুপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তার (যেখানে যা প্রযোজ্য) স্বাক্ষরিত প্রত্যয়নপত্র/কার্যবিবরণী, ০৩(তিন) বিগত বছরের অডিট রিপোর্ট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

০৮. আবেদনপত্রের সাথে সংশ্লিষ্ট মৎস্যজীবী সংগঠন/সমিতির ০৩ (তিন) বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্যচাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা (উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিস্বাক্ষরিত) সংযুক্ত করতে হবে।

০৯. আবেদনকারীকে সমিতিতে যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের উপর ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, তালতলী এর অনুকূলে জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। ২০% জামানত শেষ/তৃতীয় বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১০. জমাকৃত আবেদনসমূহ উপজেলা নির্বাহী অফিসার যাচাই-বাছাই করবেন এবং উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির ধার্য তারিখের সভায় উপস্থাপন করবেন। উপজেলা কমিটি উক্ত আবেদনগুলোর বিষয়ে **জলমহাল ব্যবস্থাপনা নীতি**'২০০৯ এর যাবতীয় শর্তাবলী বিবেচনা করে যোগ্য মৎস্যজীবী সংগঠন/সমিতির তালিকা অনুমোদনপূর্বক তাদের অনুকূলে বন্দোবস্ত প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করবেন।

১১. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাছাই এর পরে উপযুক্ত সংগঠন/সমিতিকে ১৫(পনের) দিনের মধ্যে সরকারের **“জলমহাল ও পুকুর ইজারা ১-৪৬৩১-০০০০-১২৬১”** নং কোডে চালানের মাধ্যমে প্রথম বছরের ইজারা মূল্য এবং ১০% আয়কর কোড নং ১/১১৪১/০০৭০/০১১১ ও ১৫% ভ্যাট/মূল্য সংযোজন কর কোড নং ১/১১৩৩/০০১৮/০৩১১ জমা প্রদান করতে হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১২. কোনক্রমেই একটি সমবায় সমিতি/সংগঠনকে ০২ (দুই) এর অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত দেয়া হবে না। যে সকল আবেদনপত্র গৃহীত হবে না সে সকল আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত জামানত আবেদনের প্রেক্ষিতে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত গ্রহণের পরই ফেরৎ দেয়া হবে।

১৩. আবেদনপত্র অনুমোদন প্রাপ্তির বিলম্ব হলে এ বিলম্বের কারণে কোনভাবেই ইজারার মেয়াদকাল বর্ধিত আবেদন গ্রহণযোগ্য হবে না। বছরের যে কোন সময় টেন্ডার আহবান করা হলেও ইজারার মেয়াদকাল ১লা বৈশাখ ১৪৩০ বাংলা সন হতেই কার্যকর বলে গণ্য হবে।

১৪. প্রতিটি আবেদনপত্রের খামের উপর জলমহালের নাম ও মৎস্যজীবী সমবায় সমিতির নাম-ঠিকানা স্পষ্টভাবে উলেখ করতে হবে।

১৫. আবেদনকারীকে ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল মোতাবেক ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদনপূর্বক জলমহালের দখল বুঝে নিতে হবে। জলমহালের বর্তমান আয়তন এবং দখলনামায় উল্লিখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি তুলতে পারবে না।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যাতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮/০১/২০২৩

(এস. এম. সাদিক তানভীর)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
তালতলী, বরগুনা।

স্মারক নং-০৫.১০.০৪৯২.০৯.০০৪.০০৮.২১-৭৮/১(৪৭)

তারিখ: ০৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ১৮ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে ঃ

১. মাননীয় সংসদ সদস্য, ১০৯, বরগুনা-১।
২. জেলা প্রশাসক, বরগুনা।
৩. চেয়ারম্যান, তালতলী উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
৪. সহকারী কমিশনার (ভূমি), তালতলী, বরগুনা।
৫. উপজেলা.........................................অফিসার, তালতলী, বরগুনা।
৬. সহকারী প্রোগ্রামার, তালতলী, বরগুনা **[ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]**।
৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ......................(সকল), তালতলী **[নোটিশ বোর্ডে প্রদর্শনসহ মাইকিং করার অনুরোধসহ]**।
৮. চেয়ারম্যান, ................................ইউপি (সকল), তালতলী **[তার নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ]**।
৯. অফিস কপি।

১৮/০১/২৩

সহকারী কমিশনার (ভূমি)
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
তালতলী, বরগুনা